গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
গাইবান্ধা সদর,গাইবান্ধা।
www.dss.gaibandhasadar.gaibandha.gov.bd

স্মারক নম্বর:৪১.০১.৩২২৪.০০০.১৬.০২৫.২৫.১২৭ তারিখ: ১৩-০৭-২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২৬-২৭ অর্থবছরে বয়স্ক ভাতা,বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজরা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা এবং অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তির অর্থ জিটুপি (G2P) পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত যোগ্য ব্যক্তির নিকট হতে অনলাইনে আবেদন গ্রহণ প্রসংঙ্গে।

সুত্র:৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০৬২.২৪.৫৮৬ তারিখ:৩০-০৬-২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাভূক্ত ২০২৬-২৭ অর্থবছরে বয়স্ক ভাতা,বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি,হিজরা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা এবং অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তির অর্থ জিটুপি(G2P) পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত যোগ্য ব্যক্তিদের নিকট হতে অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে সংযুক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**অনলাইনে আবেদনের ক্ষেত্রে নিম্নক্ত বিষয়গুলো অনুসরণ করতে হবে:**

০১। **০১ আগস্ট তারিখ হতে ৩১ আগস্ট ২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত http://dss.bhata.gov.bd/online Application** লিংকে ভাতার আবেদন গ্রহণ **করা হবে**। আবেদনকারীগণ নিজ নিজ স্থায়ী ঠিকানায় অনলাইন আবেদন করবেন। বয়স্ক ভাতার ক্ষেত্রে আবেদনকারীর বয়স পুরুষ ৬৫ বা তদুর্ধ বছর ও মহিলা ৬২ বা তদুর্ধ বছর, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচিতে বিধবা মহিলার জন্য স্বামীর মৃত্য সনদ এবং প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সমাজসেবা অফিস কর্তৃক ইস্যুকৃত প্রতিবন্ধী আইডি কার্ড (সুবর্ণ নাগরিক আইডি কার্ড) থাকতে হবে। আবেদনকারীর অন্য কোনো সরকারি সুবিধা পেয়ে থাকলে তিনি এই সুবিধা জন্য বিবেচিত হবেন না। অন্য সুবিধা গ্রহণ করছে প্রমাণিত হলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

০২। অনলাইন আবেদনে আবেদনকারীদের অবশ্যই প্রার্থীর নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এর মোইবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস ও ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। ব্যাংক হিসাবের ক্ষেত্রে আবেদনকারীদের সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে।

০৩। পূর্বের অনলাইনে আবেদন থাকলে (অপেক্ষমান তালিকাসহ) উপকারভোগীদের পুনরায় অনলাইন আবেদন করার প্রয়োজন নেই।

০৪। প্রত্যেক আবেদনকারীর জন্য ভিন্ন ভিন্ন মোবাইল নাম্বার ব্যবহার করতে হবে। অর্থাৎ একই মোবাইল নাম্বার দিয়ে একাধিক ব্যক্তির আবেদন করা যাবে না। এমন কি,সমাজসেবা অফিসে ইতিপূর্বে ব্যবহার করা হয়েছে কিংবা বর্তমানে ব্যবহৃত হচ্ছে এমন মোবাইল নাম্বার দ্বারাও আবেদন করা যাবে না।

এমতাবস্থায়, ভাতা পাচ্ছে না এমন কোন যোগ্য বয়স্ক ভাতা,বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি,হিজরা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা এবং অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি পাওয়ার যোগ্য ব্যক্তিদের অনলাইনে আবেদন করানোর ব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও মাইকিংসহ অন্যান্য মাধ্যমে প্রচারনা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সমাজসেবা অধিদফতরের পত্র নং-৫৮৬ তারিখ:৩০-০৬-২০২৬ খ্রি:

**বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং অতিব জরুরী।**

21/07/2024

(মো: নাসির উদ্দিন শাহ্)
উপজেলা সমাজসেবা অফিসার
গাইবান্ধা সদর,গাইবান্ধা
ই-মেইল-usso.gaibandhasadar@dss.gov.bd

বিতরণ

.............................................. অফিসার/চেয়ারম্যান (সকল)
গাইবান্ধা সদর, গাইবান্ধা।

স্মারক নম্বর:৪১.০১.৩২২৪.০০০.১৬.০২৫.২৫.১২৭ (২৫) তারিখ:১৩-০৭-২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। মাননীয় সংসদ সদস্য-৩০,গাইবান্ধা-০২,বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়,ঢাকা।
২। পরিচালক, সামাজিক নিরাপত্তা অধিশাখা,সমাজসেবা অধিদফতর,আগারগাঁও,শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। পরিচালক,বিভাগীয় সমাজসেবা কার্যালয়,রংপুর বিভাগ,রংপুর।
৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়,গাইবান্ধা।
৫। প্রশাসক ও উপজেলা নিবার্হী অফিসার,গাইবান্ধা সদর,গাইবান্ধা।
৬। জনাব.................................... ইউনিয়ন সমাজকর্মী/কারিগরি প্রশিক্ষক, গাইবান্ধা সদর,গাইবান্ধা (ব্যাপক মাইকিং ও প্রচার-প্রচারের অনুরোধ'সহ)।
৭। অফিস কপি।

21/07/2024

(মো: নাসির উদ্দিন শাহ্)
উপজেলা সমাজসেবা অফিসার
গাইবান্ধা সদর,গাইবান্ধা
ই-মেইল-usso.gaibandhasadar@dss.gov.bd

CamScanner